বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।
www.bangladeshbank.org.bd

এফই সার্কুলার নং-০১

মাঘ ৩০, ১৪১৪ বাং
তারিখ: -------------------
ফেব্রুয়ারী ১২, ২০০৮ইং

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় বিদেশী প্রিন্সিপালের স্থানীয় স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর হিসেবে অনুসরণীয় নীতিমালা।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় কোন নিবাসী ব্যক্তি/প্রতিষ্ঠান বিদেশী প্রিন্সিপালের স্থানীয় স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর হিসেবে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিবন্ধনের আবশ্যকতা রয়েছে। কোন নিবাসী ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক বিদেশী প্রিন্সিপালের স্থানীয় স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর হিসেবে বাংলাদেশ ব্যাংক থেকে নিবন্ধন লাভ এবং পরবর্তীতে নিবন্ধনের নবায়ন এবং এতদ্সংক্রান্ত রেমিট্যান্স প্রেরণের জন্য অনুসরণীয় নীতিমালা এতদ্সঙ্গে সংযোজিত হল।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

(আহমেদ এহতেশামুল হায়দার)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫

## বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় বিদেশী প্রিন্সিপালের স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর হিসেবে অনুসরণীয় নীতিমালা

০১। কোন নিবাসী কর্তৃক বিদেশী প্রিন্সিপালের পক্ষে স্থানীয় স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর হিসেবে কাজ করার জন্য বা উক্ত কাজ করার প্রস্তাব গ্রহণের পূর্বে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের আবশ্যকতা আরোপিত আছে। পূর্বানুমোদন গ্রহণের জন্য নিম্নোক্ত দলিলাদিসহ আবেদনপত্র মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ বরাবরে দাখিল করতে হবে:

ক) প্রতিষ্ঠানটির নামে ইস্যুকৃত হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স;

খ) বিদেশী প্রিন্সিপালের অনুকূলে রেমিট্যান্স প্রেরণ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ছাড়পত্র/অনাপত্তিপত্র;

গ) পে চ্যানেল আমদানী ও স্থানীয়ভাবে পুন:প্রচার সংক্রান্ত এবং টেলিভিশন সিগনালের ডিকোডারস্ আমদানী সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়/সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী সরকারী কর্তৃপক্ষের ছাড়পত্র/অনাপত্তিপত্র;

ঘ) প্রধান আমদানী ও রপ্তানী নিয়ন্ত্রকের দপ্তরের টেলিভিশন সিগনালের ডিকোডারস্ আমদানী সংক্রান্ত ছাড়পত্র;

ঙ) বিটিভির লাইসেন্স (STVTR ও Commercial);

চ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;

ছ) টিআইএন সার্টিফিকেট/ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট;

জ) বিদেশী প্রিন্সিপাল/প্রিন্সিপালদের সঙ্গে সম্পাদিত চুক্তিপত্রের কপি (চুক্তিপত্র সম্পাদনের তারিখ, কমিশনের হার, চুক্তিপত্রের মেয়াদ, উভয় প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয়ের পক্ষে স্বাক্ষরকারীদের নাম-পদবী; চুক্তি একাধিক পৃষ্ঠার হলে সকল পৃষ্ঠায় উভয় প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারীদের স্বাক্ষর এবং উদ্ভুত বিরোধ স্থানীয় আইনের আওতায় নিষ্পত্তির ব্যবস্থা ইত্যাদি উল্লেখপূর্বক);

ঝ) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন ও মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশন (রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস্ কর্তৃক সার্টিফাইড) এবং কোম্পানীর পক্ষে কার্য সম্পাদনের জন্য অনুমোদনপ্রাপ্ত/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির পক্ষে কোম্পানীর বোর্ড রেজুলেশনের কপি;

ঞ) অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনারশীপ ডীড এবং দায়িত্বপ্রাপ্ত/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিদের পক্ষে সকল পার্টনারের দায়িত্ব/ক্ষমতা অর্পণপত্র;

ট) এজেন্ট/ডিস্ট্রিবিউটর প্রতিষ্ঠানের সাথে স্থানীয় প্রত্যেক কেবল অপারেটর এর ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্য সম্বলিত সম্পাদিত চুক্তিপত্রের কপি;

ঠ) সংশ্লিষ্ট এজেন্ট/ডিস্ট্রিবিউটরকে প্রতি বৎসরের প্রারম্ভে ঐ বৎসর বিদেশী প্রিন্সিপাল/প্রিন্সিপালদের অনুকূলে প্রেরিতব্য রেমিট্যান্সের প্রাক্কলিত সর্বোচ্চ পরিমাণ সম্পর্কে ঘোষণা প্রদান করতে হবে। এছাড়া মাসিক ভিত্তিতে ভ্যাট রিটার্ণসহ ডিস্ট্রিবিউটর কর্তৃক স্থানীয় গ্রাহকদের নিকট হতে সংগৃহীত অর্থের (অর্থের পরিমাণ ও গ্রাহকের সংখ্যাসহ) প্রতিবেদন দাখিল করতে হবে;

ড) স্যাটেলাইট চ্যানেল সম্প্রচার যন্ত্রপাতির জন্য ফ্রিকোয়েন্সী ব্যবহার এবং সম্প্রচারের উদ্দেশ্যে টেলিযোগাযোগ যন্ত্রপাতি ব্যবহারে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের ছাড়পত্র/অনাপত্তিপত্র।

০২। অনুমোদিত কোন এজেন্ট/ডিস্ট্রিবিউটর প্রতিষ্ঠানের বিরুদ্ধে অন্যায়, অন্যায্য, আপত্তিকর, আইন/শৃঙ্খলা এবং দেশের স্বার্থের পরিপন্থী কার্যকলাপ/কর্মকান্ডের অভিযোগ উত্থাপিত হলে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত অনুমতি স্থগিত/বাতিল করতে পারবে। এছাড়া, যদি বাংলাদেশ ব্যাংকের নিকট এই মর্মে প্রতীয়মান হয় যে, অনুমতিপ্রাপ্ত এজেন্ট/ডিস্ট্রিবিউটর অনৈতিক/বেআইনি কার্যক্রম পরিচালনা করছে, তাহলে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত অনুমতি স্থগিত/বাতিল করতে পারবে।

০৩। রেমিট্যান্স প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট বৎসরের নিরীক্ষিত হিসাব বিবরণীতে উক্ত প্রতিষ্ঠানের আলোচ্য খাত হতে প্রাপ্ত আয় সম্পর্কে সুস্পষ্ট তথ্য থাকতে হবে। এক্ষেত্রে প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী কমিশন বাবদ প্রতিষ্ঠানের প্রাপ্য অংশ এবং সরকারী কর/অন্যান্য খাত বাবদ কর্তনযোগ্য অর্থ বাদ দিয়ে অবশিষ্ট অংশ বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে রেমিট্যান্স হিসেবে প্রেরণ যোগ্য হবে। পূর্বানুমোদন গ্রহণের জন্য সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখা বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রেরণকালে নিম্নোক্ত কাগজপত্রাদি যথাযথভাবে পরীক্ষাপূর্বক প্রেরণ করবে:

ক) প্রত্যেক কেবল অপারেটর এর নিকট হতে মাসিক ভিত্তিতে ফি বাবদ আদায়কৃত অর্থ কেবল অপারেটর কর্তৃক সরকারী কর বাবদ প্রদত্ত অর্থ, কমিশন বাবদ স্থানীয় এজেন্ট/ডিস্ট্রিবিউটর প্রতিষ্ঠানের প্রাপ্য অর্থ, অন্যান্য কর্তন (যদি থাকে) এবং অনিবাসী প্রিন্সিপালের নিকট প্রেরিতব্য মোট অর্থের বিস্তারিত তথ্য সম্বলিত বিবরণী;

খ) বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংকের প্রদত্ত অনুমতির কপি;

গ) ডিস্ট্রিবিউটর কর্তৃক স্থানীয় গ্রাহকদের নিকট হতে সংগৃহীত অর্থের মাসিক প্রতিবেদনের কপি;

ঘ) বিদেশী প্রিন্সিপালের নিকট হতে প্রাপ্ত ইনভয়েসের কপি (মাসিক অর্থ সংগ্রহ প্রতিবেদনের ভিত্তিতে);

ঙ) রেমিট্যান্স প্রেরণের বিষয়ে নিরীক্ষকের প্রত্যয়নপত্র (উৎসে আয়কর কর্তনযোগ্য কিনা, কর্তনযোগ্য হলে নির্ধারিত হারে কর্তন করা হয়েছে কিনা তা উল্লেখপূর্বক);

চ) টি.আই.এন সার্টিফিকেট এবং কর্তনযোগ্য আয়কর যথাযথভাবে জমা দেয়ার স্বপক্ষে তথ্য/দলিলাদির কপি;

ছ) হিসাবের ত্রুটি কিংবা ভুলক্রমে বা অন্যভাবে অতিরিক্ত বৈদেশিক মুদ্রা বিদেশী প্রিন্সিপালের অনুকূলে প্রেরিত হলে তা ফেরত আনয়ন/প্রত্যাবাসন/সমন্বয় সংক্রান্ত সংযোজিত সংযোজনী অনুযায়ী প্রতিষ্ঠানের শীর্ষ নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত অঙ্গীকারপত্র;

জ) সংশ্লিষ্ট সময়কালের নিরীক্ষিত লাভ-ক্ষতি হিসাব বিবরণী, স্থিতিপত্র ও অন্যান্য আর্থিক দলিলাদির কপি;

ঝ) বিদেশী প্রিন্সিপালের নিকট হতে ডিস্ট্রিবিউটর কর্তৃক আমদানীকৃত Decoder/IRD এর সংখ্যা (প্রধান আমদানী ও রপ্তানী নিয়ন্ত্রক দপ্তরের ছাড়পত্র, কমার্শিয়াল ইনভয়েস এবং প্যাকিং লিষ্ট অনুযায়ী) এবং সে সকল Decoder/IRD সমূহ যে সকল ক্যাবল অপারেটরের নিকট হস্তান্তর করা হয়েছে তার তালিকা।

০৪। উপরে বর্ণিত কাগজপত্রাদির যথার্থতা সম্পর্কে নিশ্চিত হয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা স্যাটেলাইট চ্যানেল এজেন্ট/ডিস্ট্রিবিউটরদের পক্ষে বিদেশে অর্থ প্রেরণ করার জন্য বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের রেমিট্যান্স-২ শাখায় টিএম ফরম ও প্রয়োজনীয়/প্রাসঙ্গিক কাগজপত্রাদিসহ আবেদন করবে। উক্ত বিভাগ হতে অনুমোদন প্রাপ্তির পর বিদেশী প্রিন্সিপালের অনুকূলে রেমিট্যান্স প্রেরণ করা যাবে।

০৫। বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে এই নীতিমালার আংশিক বা সার্বিক পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে।

(সংযোজনী)

(Pls. see Sec. 03(chha) of the
Guidelines circulated vide
Circular No 01 dt February 12, 2008)

**To Whom It May Concern.**

I/We do hereby declare/undertake that in the event of any excess amount of foreign currency remitted to our foreign principal/s -------------------------------------, the amount remitted as such in excess of the actual entitlement will be repatriated/adjusted to Bangladesh immediately on demand by the Authorized Dealer Bank/Bangladesh Bank/any other competent authority.

Signature of the Authorized Person: ------------------------------

Name:-----------------------------------------------------------------

Designation: ----------------------------------------------------------

Name & Full Address of the Company (Distributor)-------------

--------------------------------------------------------------------------